

# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় VIDYASAGAR UNIVERSITY

## **Question Paper**

## **B.A General Examinations 2022**

(Under CBCS Pattern) **Semester - IV** 

Subject: BENGALI

Paper: AECC (CORE) MIL-2 T

Full Marks: 60 Time: 3 Hours

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

#### উনিশ শতকের বাংলা প্রবন্থ ও লোকসাহিত্য

#### বিভাগ-ক

### যেকোন *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ

\$×¢=50

- ১। 'ভগবান অর্জুনকে বলেছেন তুমি আমার শরণ লও,'—কার লেখা, কোন্ প্রবন্ধের অংশ এটি? ১+:
- ২। 'ইহাই বাঙ্গালা ভাষায় উৎকৃষ্ট গীতিকাব্য'।—এখানে কোন্ কোন্ রচনাকে বঙ্কিমচন্দ্র উৎকৃষ্ট গীতিকাব্য হিসেবে বিবেচনা করেছেন, তার উদাহরণ দাও।
- ৩। রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' প্রবন্ধটি কত সালে কোথায় পাঠ করা হয়েছিল?
- ৪। 'মুসলমানী বাঙ্গালা' প্রবন্ধে হরপ্রসাদ শাস্ত্রী 'মুসলমানী বাঙ্গালা' বলতে কোন্ কোন্ বিশেষ রচনার প্রতি ইঙ্গিত করেছেন?

P.T.O.

- ৫। 'কোথায় পাব কলসী কইন্যা কোথায় পাব দড়ী।
   তুমি হও গহীন গাঙ্গ আমি ডুব্যা মরি।'—বক্তা কে? সে কাকে উদ্দেশ্য করে কথাগুলি বলেছে?
- ৬। 'এই দেশে দরদী নাইরে কারে কইবাম কথা। কোন জন বুঝিবে আমার পুরা মনের বেথা।'—কে কোন্ প্রসঙ্গে এই কথাগুলি বলেছে, তা উল্লেখ করো।
- ৭। 'নাহি আমার মাতাপিতা গর্ভ সুদর ভাই। সুতের হেওলা অইয়া ভাইস্যা বেড়াই॥'—কে, কাকে উদ্দেশ্য করে এই কথাগুলি বলেছে? ১১+১
- ৮। মহুয়া পালায় উল্লিখিত দুটি পুরুষ ও দুটি নারী চরিত্রের নামোল্লেখ করো।

#### বিভাগ-খ

#### যেকোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ

&×8=\$0

- ৯। 'এত প্রভেদ সত্ত্বেও বিদ্যাসাগর খাঁটি বাঙ্গালী ছিলেন।'—প্রাবন্ধিক রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর এই মন্তব্যের কারণ সংক্ষেপে পর্যালোচনা করো।
- ১০। 'গীতিকাব্য' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র ভারতীয় আলংকারিকদের মতকে সামনে রেখে কাব্যকে কয়টি ভাগে ভাগ করেছেন এবং প্রতিটি ভাগের যে উদাহরণ দিয়েছেন তা উল্লেখ করো।
- ১১। 'গুড়গুড়ে কৃষ্ণব্যাল ভট্টাচার্য্য—মহাপণ্ডিত, বিশ্বব্রহ্মাণ্ডের খবর তার নখদর্পণে।'—'ভাববার কথা' প্রবন্ধ অবলম্বনে কৃষ্ণব্যাল ভট্টাচার্যের চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- ১২। 'মহুয়া' পালার নাট্যগুণ সংক্ষেপে আলোচনা করো।
- ১৩। 'মহুয়া' গীতিকাটি প্রেমমনস্তত্ত্বে সমুজ্জ্বল।—মন্তব্যটি সংক্ষেপে আলোচনা করো।
- ১৪। 'মুসলমানী বাঙ্গলা' সম্পর্কে হরপ্রসাদের ভাবনাটি সংক্ষেপে লেখো।

#### বিভাগ-গ

#### যেকোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ

>0×0=**0**0

- ১৫। 'গীতিকাব্য' প্রবন্ধটি অবলম্বনে বঙ্কিমচন্দ্রের কবিদৃষ্টিভঙ্গির পরিচয় দাও।
- ১৬। 'ভাববার কথা' প্রবন্ধে স্বামী বিবেকানন্দ সত্যের শিক্ষার যে স্বরূপ তুলে ধরেছেন, তা নিজের ভাষায় লেখো।
- ১৭। 'তাহার বঙ্গদেশে আবির্ভাব এক অদ্ভুত ঐতিহাসিক ঘটনার মধ্যে গণ্য হইবে।'—রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর বিদ্যাসাগর প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি আলোচনা করো।
- ১৮। গীতিকা হিসেবে 'মহুয়া' পালার সার্থকতা বিচার করো।
- ১৯। 'মহুয়া' পালা অবলম্বনে পালং সই চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

P.T.O.

# Or,

# Paper - AECC - T (MIL)

# ভাষাতত্ত্ব ও সাহিত্যতত্ত্ব

## বিভাগ-ক

	14014 4		
যেকোন	পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ	\$× <b>%=</b> \$0	
١٤	শৈলীবিজ্ঞানের সংজ্ঞা দাও।	ą.	
২ ।	ভাষাপরিকল্পনার দুটি কারণ লেখো।	ą	
७।	অলংকারবাদের প্রধান প্রবক্তা কে? তিনি কোন্ শতাব্দীর আলংকারিক?	2+2	
8	কুন্তক বক্রোক্তিকে কয়টি শ্রেণিতে ভাগ করেছেন ও কী কী?	2+2	
œ	'ঔচিত্যবিচারচর্চা' গ্রন্থটির লেখক কে? তিনি কোন্ শতকের আলংকারিক?	2+2	
७।	আলংকারিক মহিমভট্ট ঔচিত্যকে কয়টি শ্রেণিতে বিভক্ত করেছেন ও কী কী?	২	
٩	আলংকারিক ভোজ তাঁর 'সরস্বতীকণ্ঠাভরণ' গ্রন্থে ঔচিত্যকে কয়টি ভাগে ভাগ করেছেন ও	3 কী কী?	
৮।	নারীবাদ বা ফেমিনিজম শব্দটি প্রথম কে কত সালে ব্যবহার করেছিলেন বলে অনুমান ব	১+১ ন্রা হয়? ১+১	
বিভাগ-খ			
যেকোন	<i>চারটি</i> প্রশ্নের উত্তর দাও ঃ	٥٤=8×%	
৯।	বাংলা ভাষার বানান সমস্যার সমাধান নিয়ে সংক্ষেপে লেখো।		
201	বিচ্যুতি কী আলোচনা করো।		
221	সমান্তরতা (Parallelism) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।		
ऽ२।	কাশ্মীরি আলংকারিক ক্ষেমেন্দ্রর ঔচিত্য সম্পর্কে বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।		
>७।	'কাব্যং গ্রাহ্যম্লংকারাৎ' মতটি কতখানি যুক্তিযুক্ত, তা আলোচনা করো।		
781	আধুনিক সাহিত্য আন্দোলনে রিয়ালিজম বা বাস্তববাদের উদ্ভবের প্রেক্ষাপটটি সংক্ষেপে করো।	আলোচনা	
		P.T.O.	

## বিভাগ-গ

যেকোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ

00=0×02

- ১৫। শৈলী কী? শৈলীবিজ্ঞানের সাহায্যে শৈলী বিচারের স্তরগুলি আলোচনা করো।
- ১৬। ভাষাপরিকল্পনার নীতি ও পদ্ধতিগুলি আলোচনা করো।
- ১৭। আধুনিক সাহিত্য আন্দোলনে স্যুররিয়ালিজমের ভূমিকা কতখানি, সে বিষয়ে আলোচনা করো।
- ১৮। কুন্তুক তাঁর 'বক্রোক্তিজীবিতম্' গ্রন্থে যে বক্রোক্তিবাদের তত্ত্ব উপস্থাপন করেছেন, তা আলোচনা করো।
- ১৯। 'রীতিরাত্মা কাব্যস্য'—মতটি আলোচনা করো।